

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
(সচিবের দপ্তর)
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.moind.gov.bd

স্মারক নং-৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮-


তারিখ : ০৬ কার্তিক ১৪২৬
২২ অক্টোবর ২০১৯

বিষয়ঃ শিল্প সচিব মহোদয়ের নির্দেশনা।

গত ২৭-০৯-২০১৯ তারিখ শুক্রবার বিকাল ৫:০০টায় চট্টগ্রামস্থ সিইউএফএল'র সম্মেলন কক্ষে শিল্প সচিব জনাব মোঃ আবদুল হালিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিসিআইসি'র চেয়ারম্যান জনাব মোঃ হাইয়ুল কাইয়ুম-সহ উসমানিয়া গ্লাস শিট ফ্যাক্টরী লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক এবং অন্যান্য প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উসমানিয়া গ্লাস শিট ফ্যাক্টরী এর ব্যবস্থাপনা পরিচালক প্রতিষ্ঠানের কার্যক্রম সভায় উপস্থাপন করেন।

২.০ উসমানিয়া গ্লাস শিট ফ্যাক্টরী এর প্রতি নির্দেশনাঃ

- ২.১। ২০১৪-১৫ সাল হতে উসমানিয়া গ্লাস শিট ফ্যাক্টরীটি ক্রমাগত লোকসান দিয়ে যাচ্ছে। লোকসান হওয়া সত্ত্বেও প্রতি বৎসর ১০% হারে লভ্যাংশ প্রদান করে যাচ্ছে। ব্যবসায় ক্ষতি হওয়া সত্ত্বেও লভ্যাংশ প্রদানের বিষয়টিতে প্রতিষ্ঠানের হিসাবের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের অদক্ষতা প্রমাণ করে। ফ্যাক্টরিকে লাভজনক অবস্থায় উন্নীত করে লভ্যাংশ প্রদান করা শ্রেয়। এ বিষয়ে সতর্ক থাকতে হবে।
- ২.২। সারা দেশের বাজার বেসরকারি প্রতিষ্ঠানের দখলে থাকে না। মার্কেট গ্যাপ খোঁজে, পণ্যের বাজার অনুসন্ধান এবং সম্ভাব্য এলাকা সনাক্ত করে সে অনুযায়ী বিপণন কার্যক্রম চালাতে হবে।
- ২.৩। কোম্পানি ব্যবস্থাপনার উর্ধ্বতন কর্মকর্তাগণ কোম্পানির রুটিন কাজে ব্যস্ত না থেকে সম্প্রসারণ পরিকল্পনায় সময় দিতে হবে। আগামি ৫ বৎসর বা ১০ বৎসরে প্রযুক্তি, চাহিদা ও অন্যান্য কোম্পানির উৎপাদন পরিকল্পনা আঁচ করে নিজেদের উৎপাদন ও বিপণন পরিকল্পনায় পরিবর্তন আনতে হবে।
- ২.৪। মার্কেটিং ডিলারদের সাথে কোম্পানির কর্মীদের ট্যাগ করে দিতে হবে। কোম্পানির উৎপাদিত পণ্যের বিক্রয় কৌশল নির্ধারণ করে। এ বিষয়ে ডিলারদের ইনসেনটিভ প্রদান করা যায়।
- ২.৫। কোম্পানি কর্মীদের 'আয় করে ব্যয়' নীতি অনুসরণ করে তাঁদের বেতন ভাতাদি পরিশোধের নীতি গ্রহণ করতে হবে। কোনভাবেই কোম্পানির সম্পদ অথবা জমি বিক্রয় করে তথা মূলধন অবক্ষয় করে কর্মচারীদের বেতন- ভাতাদি পরিশোধ করা যাবেনা। কোম্পানির সম্পদ অথবা জমি বিক্রয়লব্ধ অর্থ কেবলমাত্র মূলধনী যন্ত্রপাতি বা উপকরণ সংগ্রহে ব্যয় করা যাবে।
- ২.৬। মার্কেটিং ডিলারদের নিয়ে বাৎসরিক সম্মেলন করা যায়। এ সম্মেলনে মার্কেটিং সমস্যা ও সম্ভাবনা আলোচনা করে সামনে এগুনের পথ পরিকল্পনা করা যায়।
- ২.৭। সম্প্রতি বিসিআইসি'র অপর প্রতিষ্ঠান বিআইএসএফ লোকসান হতে লাভজনকে উত্তরণের জন্য পরিকল্পনা গ্রহণ করেছে। সকল কর্মকর্তা- কর্মচারী ব্যক্তিগত কর্ম পরিকল্পনা প্রণয়ন করেছে। উসমানিয়া গ্লাস শিট ফ্যাক্টরী'র সকল কর্মকর্তা- কর্মচারীকেও অক্টোবর'১৯ এর মধ্যে অনুরূপ ব্যক্তিগত কর্ম পরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী কাজ করতে হবে। বিআইএসএফ এর অভিজ্ঞতা কাজে লাগানুর জন্য অক্টোবর'১৯ মাসেই যৌথ সভা করা যেতে পারে।



চলমান পাতা

=০২=

৩.০। বাস্তবায়নে-

- ক) অতিরিক্ত সচিব (স্বস, আস, নীতি, বিএসএফআইসি), শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- খ) চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা
- গ) পরিচালক (সকল), বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা
- ঘ) ব্যবস্থাপনা পরিচালক, উসমানিয়া গ্লাস শিট ফ্যাক্টরী লি., চট্টগ্রাম

৪.০। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের উদ্যোগ নিয়ে গৃহীত কার্যক্রম ও অগ্রগতি শিল্প মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে মাসিক ভিত্তিতে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত
২২-১০-২০১৯

(প্রতুল কুমার সাহা)

উপসচিব

শিল্প মন্ত্রণালয়

ফোন: +৮৮ ০২ ৯৫৫৮৪১৩

ই-মেইল: pratul.saha1@gmail.com

স্মারক নং-৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮- ৬২৩/৭

তারিখ : ০৬ কার্তিক ১৪২৬
২২ অক্টোবর ২০১৯

বিতরণ- সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (স্বস, আস, নীতি, বিএসএফআইসি), শিল্প মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের নির্দেশনা বাস্তবায়ন অনুসরণের অনুরোধসহ)
- ২। অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ৩। চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা
- ৪। পরিচালক (সকল), বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা
- ৫। সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৬। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, উসমানিয়া গ্লাস শিট ফ্যাক্টরী লি., চট্টগ্রাম

স্বাক্ষরিত ২২/১০/১৯

উপসচিব

শিল্প মন্ত্রণালয়